

JUL 09 2006  
তারিখ .....  
গঠন ৭ মাস ০৯ .....  
[Signature]

## যায়ব্যায়দিন

### অবহেলা নয় মন্ত্রসা শিক্ষাকে যুগোপযোগী করুন

অবহেলা অমনোযোগ এবং উপেক্ষার কারণে মন্ত্রসা শিক্ষাকে যুগোপযোগী করে গড়ে তোলা যাচ্ছে না। আলিয়া মন্ত্রসাগুলো আমাদের প্রচলিত শিক্ষা ব্যবস্থার সঙ্গে তাল মিলিয়ে চললেও পিছিয়ে রয়েছে কওমি মন্ত্রসাগুলো।

আলিয়া মন্ত্রসার পাশাপাশি কওমি মন্ত্রসাগুলোতে আধুনিক শিক্ষা ব্যবস্থা চালু সময় এসেছে।

কওমি মন্ত্রসাগুলোতে উদ্বৃত্তি ও ফার্সির পাশাপাশি এখন বাংলাও পড়ানো হচ্ছে আরবি শিক্ষার পাশাপাশি তারা বাংলা ও ইংরেজি শিক্ষায় আগ্রহ দেখছে।

শুভ্রবার নীলক্ষেত্রের আইসিএমএ সিলনায়তনে শুরু হয়েছে মহানগরীর ৩০টি মন্ত্রসার ৪০০ বিতার্কিকের অংশগ্রহণে বিতর্ক কর্মশালা। তারা এখন স্কুল কলেজের শিক্ষার্থীদের মতো একটা কারিকুলাম অ্যাকটিভিটিতে অংশ নিচ্ছে।

মন্ত্রসা শিক্ষার আধনিকায়নে সরকারকে আরো সনোযোগী হতে হবে। বাংলা ইংরেজির পাশাপাশি তাদের কম্পিউটার শিক্ষায় আগ্রহী করে তুলতে হবে। চেফ্টেন্সে সরকারকে স্কুল-কলেজের 'পাশাপাশি' প্রতিটি মন্ত্রসায় কম্পিউটা সরবরাহ নিশ্চিত করতে হবে।

মডার্ন টেকনলজির হৌয়া পেলে মন্ত্রসা শিক্ষার্থীরা তাদের চিন্তা মনমানসিকতায় আরো আধুনিক হবে। ধর্মীয় গোড়াগু ও কৃসংস্কার অনেকাংশে দূর হবে।

কওমি মন্ত্রসার জন্য সরকারের পক্ষ থেকে একটি আধুনিক ও যুগোপযোগী সিলেবাস তৈরি করে দেয়া দরকার। দরকার কওমি ও আলিয়া মন্ত্রসা সিলেবাসে সমষ্ট সাধন করা। সর্বোপরি প্রচলিত শিক্ষা ব্যবস্থার সিলেবাসে সঙ্গে মন্ত্রসা ও ইংলিশ মিডিয়াম স্কুলগুলোর সিলেবাসে সমষ্ট ঘটাতে হবে।

শিক্ষা ব্যবস্থায় বৈষম্য থাকার কারণে সামাজিক বৈষম্য সৃষ্টি হচ্ছে। মন্ত্রসা শিক্ষার প্রতি অবহেলার দরলন সমাজের একটি বড়ো অংশ পিছিয়ে পড়ছে।

আর কালক্ষেপণ নয়, সময় এসেছে মন্ত্রসা শিক্ষাকে প্রচলিত শিক্ষা ব্যবস্থার ন্য আধুনিক ও যুগোপযোগী করে গড়ে তোলার।

একটি আধুনিক ও যুগোপযোগী শিক্ষা ব্যবস্থার ওপর নির্ভর করছে শিক্ষিত সম্মতশালী বাংলাদেশ গড়ার ভবিষ্যৎ। সমাজের একটি বড়ো অংশকে বাদ দিয়ে তেমন ভবিষ্যৎ গড়ে তোলা সত্ত্ব হবে না।